

## الْمُقَدِّم

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম 'আসমাউল হুসনার' ৭১ তম নাম 'الْمُقَدِّم' আজকের আলোচনার বিষয়। আরবি ভাষায় 'الْمُقَدِّم' শব্দের মূল ق - د - م, এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ৪৮ বার এসেছে। আগাম, প্রেরণ, পা, প্রাচীন, অগ্রগামী করা ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْمُقَدِّم অর্থ: 'তিনি অগ্রগামী করেন'।

**মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:**

وَلَوْ يُؤَاخِذُ اللَّهُ النَّاسَ بِظُلْمِهِمْ مَا تَرَكَ عَلَيْهَا مِنْ دَابَّةٍ وَلَكِنْ يُؤَخِّرُهُمْ إِلَىٰ أَجَلٍ مُّسَمًّىٰ فَإِذَا جَاءَ أَجْلُهُمْ لَا يَسْتَأْخِرُونَ سَاعَةً وَلَا يَسْتَقْدِمُونَ ﴿٦١﴾

আল্লাহ যদি মানুষকে তার জুলুমের জন্য পাকড়াও করতেন, তাহলে পৃথিবীতে কোন জীবকে রেহাই দিতেন না। কিন্তু তিনি একটি নির্দিষ্ট সময়কাল পর্যন্ত তাদের অবকাশ দিয়ে থাকেন। অতঃপর যখন তাদের নির্ধারিত সময়ে এসে উপস্থিত হয়, তখন তারা কিছুক্ষণও আগ-পাছ করতে পারে না। (সূরা আন নাহল: আয়াত নং ৬১)

إِنَّا فَتَحْنَا لَكَ فَتْحًا مُّبِينًا ﴿١﴾ لِيُغْفِرَ لَكَ اللَّهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِكَ وَمَا تَأَخَّرَ وَيُتِمَّ نِعْمَتَهُ عَلَيْكَ وَيَهْدِيكَ صِرَاطًا مُّسْتَقِيمًا ﴿٢﴾

নিশ্চয়ই আমরা তোমাকে বিজয় দিয়েছি সুস্পষ্ট বিজয়া। যেন আল্লাহ ক্ষমা করে দেন তোমার অতীত ও ভবিষ্যৎ ত্রুটি সমূহ। যেন তোমার প্রতি পূর্ণ করেন তাঁর নেয়ামতসমূহ আর পরিচালিত করেন তোমাকে সিরাতুল মুস্তাকিমের উপর। (সূরা আল ফাতহা: আয়াত নং ১, ২)

## মুসলিম শরীফের হাদীস:

তোমরা ক্ষণকাল বিলম্ব না করে সৎকাজে প্রতিযোগিতার মাধ্যমে অগ্রসর হয়ে যাও। কারণ শীঘ্রই অন্ধকার রাতের অংশের মতো ফিতনা দেখা দেবে। তখন মানুষ সকাল বেলা মমিন থাকবে, সন্ধ্যায় কাফের হয়ে যাবে। আবার সন্ধ্যায় মুমিন থাকবে, সকালে কাফির হয়ে যাবে। তার দ্বীনকে দুনিয়ার স্বার্থের বদলে বিক্রি করবে।

প্রিয় ভাই ও বোনেরা! মৃত্যু নির্ধারিত সময়েই হবে এক মুহূর্তও আগপাছ হবে না। মৃত্যুর পরবর্তী জীবনের জন্য প্রতিটি বুদ্ধিমান মানুষের উচিত সঞ্চয় করা। দুনিয়ায় ভালো কাজ করা ও মন্দ কাজ থেকে বিরত থাকার মাধ্যমে আখিরাতের জীবনের কল্যাণের জন্যে আমাদের প্রচেষ্টা করা অতীব প্রয়োজন।

আসুন, আল্লাহর কাছে প্রার্থনা করি, হে আল্লাহ! দুনিয়াতে ভাল কাজ করার ও মন্দ থেকে বিরত থাকার তৌফিক দান করো। আল্লাহ আমাদেরকে শিরক মুক্ত জীবন যাপনের তৌফিক দান করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবরাকাতুহা।